

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

১ জুন ২০২২ খ্রি.

ঈদুল আযহার জবাইকৃত পশুর বর্জ্য অপসারণে প্রস্তুতি সভায় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা

ঈদের দিন ১০ ঘন্টার মধ্যে কোরবানির

পশুর বর্জ্য অপসারণ করতে হবে

আসন্ন ঈদুল আযহা উপলক্ষে নগরীতে জবাইকৃত কোরবানীর পশুর বর্জ্য দ্রুত অপসারণের লক্ষ্যে আজ বুধবার সকালে চসিক সম্মেলন কক্ষে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন-বর্জ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর মো. মোবারক আলী, যান্ত্রিক স্ট্যান্ডিং কমিটির সভাপতি আব্দুল বারেক, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি আব্দুস সালাম মাসুম, কাউন্সিলর হাজী নুরুল হক, মো. নুরুল আমিন, মো. এসরারুল হক, সচিব খালেদ মাহমুদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আকবর আলী, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মির্জা ফজলুল কাদের, জয়সেন বড়ুয়া, পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব কুমার শর্মা, আকবর আলী, হাসান রেজা, হাসান রশিদ, কল্লোল দাশ, আবু তাহের প্রমুখ।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, আসন্ন পবিত্র কোরবানির ঈদে জবাইকৃত পশুর বর্জ্য বেলা ১১টা থেকে শুরু করে পরবর্তী ১০ ঘন্টার মধ্যে অপসারণ করতে হবে এবং নগরীর ৪১টি ওয়ার্ডের অলি-গলিতে পশুর নাড়ী-ভুঁড়ি পরিষ্কার না হওয়া পর্যন্ত আবর্জনাবাহী গাড়ি নিয়োজিত থাকবে। এক্ষেত্রে কোন প্রকার অবহেলা করা যাবে না। তিনি বলেন, কোরবানীর পশুর বর্জ্য অপসারণে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পূর্বে যে সুনাম অর্জিত হয়েছে তা অক্ষুণ্ন রাখতে হবে। তিনি বর্জ্য অপসারণে যে সকল বিভাগ সম্পৃক্ত যেমন পরিচ্ছন্ন, যান্ত্রিক ও বিদ্যুৎ বিভাগের সমন্বয়ের মাধ্যমে সকলকে কাজ করার আহ্বান জানান।

নির্বাহী কর্মকর্তা নির্দিষ্ট সময়ের মধ্যে বর্জ্য অপসারণে প্রয়োজনীয় লোকবল, গাড়ী, বেলচা, কোদালসহ যাবতীয় সরঞ্জাম ও ওয়াকিটকি প্রস্তুত রয়েছে কিনা জানতে চান। তিনি স্ব-স্ব ওয়ার্ডে প্রদানকৃত আবর্জনা গাড়ি ও পরিচ্ছন্ন কর্মকর্তাদের ওয়ার্ড কাউন্সিলদের সাথে যোগাযোগ পূর্বক পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ শেষ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও নগরীর যত্রতত্র পশুর চামড়া না ফেলে নির্দিষ্ট স্থানে রাখার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, কয়েক দিনের মধ্যে সকল সেবা সংস্থার সাথে এবিষয়ে সমন্বয় সভা করা হবে।

উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, দ্রুত বর্জ্য অপসারণে আমাদের ৩৪৫টি আবর্জনাবাহী গাড়ি ও প্রয়োজনীয় ওয়াকিটকি বরাদ্দ দিতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী যান্ত্রিক মো. আকবর আলী বলেন, বর্জ্য অপসারণ কাজে ব্যবহৃত ৩৪৫টি গাড়ি সহ প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রস্তুত রাখা হয়েছে এবং ঈদুল আযহার পূর্বেই ওয়ার্ড পর্যায়ে কন্টেইনার মোভার, টমটম ও ভ্যান সরবরাহের ব্যবস্থা নেয়া হবে।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি বাবদ

২ লক্ষ ৩২ হাজার টাকা আদায়

গ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে রাজস্ব সার্কেল-৫ এর আওতাধীন কদমতলী ডিটি রোড এলাকায়

পরিচালিত অভিযানে ২৫টি ব্যবসা প্রতিষ্ঠানের বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ১ লক্ষ ৭৯ হাজার ২ শত ৮০ টাকাসহ ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনার দায়ে ১ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে রাজস্ব সার্কেল-১ ও ৩ এর আওতাধীন দেওয়ান বাজার মহল্লায় পরিচালিত অভিযানে বকেয়া হোল্ডিং ট্যাক্স বাবদ চেক মারফত ১ লক্ষ ৮০ হাজার ৩ শত ৭০ টাকা এবং বহুদারহাট পুলিশ বিট সংলগ্ন দুরপাল্লার বাস কাউন্টার ও ডাচ বাংলা ব্যাংকের বুথ বসিয়ে ট্রেড লাইসেন্স বিহীন এজেন্ট ব্যাংকিং ব্যবসা পরিচালনার দায়ে ২১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই আদালত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শক এর দায়েরকৃত মোকদ্দমায় ১ ব্যক্তিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩